



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা



www.dhakaeducationboard.gov.bd

নং- ঢাশিবো/বি/১৪/ঢাকা/দ:/ ৮৬৪

তারিখ: ৩০ - ১১ - ২০২০

বিষয়: প্রবিধানমালা ২০০৯ এর প্রবিধি ৩৮ অনুযায়ী বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি ভেঙ্গে দেয়া প্রসঙ্গে।

সূত্র: (i) বোর্ডের স্মারক নং- ঢাশিবো/বি/১৪/ঢাকা/দ:/৪৭৪(৭) তারিখ ০৯/০৯/২০২১ এর আদেশ।

(ii) মহামন্য হাইকোর্টের রিট পিটিশন নং ৯৬৩৫/২০২১ তারিখ ০৭/১১/২০২১ এর আদেশ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে

(ক) সূত্রোক্ত (i) নং ক্রমিকে উল্লেখিত প্রেরিত পত্রের মাধ্যমে বিদ্যালয়ের সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষক জনাব, মো: খোরশেদ আলম এর বিষয়ে আপোষ মীমাংসার নিষ্পত্তি করে বোর্ডকে অবহিত করার জন্য নির্দেশনা প্রদান করা হলেও এ সংক্রান্ত বিষয়ে কোন প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেন নাই মর্মে বরখাস্তকৃত প্রধান শিক্ষক জানান।

সূত্রোক্ত (ii) নং ক্রমিকে উল্লেখিত মহামন্য হাইকোর্টের রিট পিটিশন নং ৯৬৩৫/২০২১ তাং- ০৭/১১/২০২১ এর আদেশ মোতাবেক, বোর্ড কর্তৃক প্রেরিত সূত্রোক্ত (i) নং পত্রের মাধ্যমে নির্দেশিত আদেশ অমান্য করায় ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত প্রবিধানমালা ২০০৯ এর প্রবিধি ৩৮ অনুযায়ী ম্যানেজিং কমিটি ভেঙ্গে দেয়া হলো।

(খ) বিদ্যালয়টি সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে ও নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে, প্রবিধানমালা ২০০৯ এর প্রবিধি ৩৯ মোতাবেক এডহক কমিটি গঠনের অনুমতিসহ অনুমতিপ্রাপ্তির ১৫ (পনেরো) কর্মদিবসের মধ্যে বোর্ডের ম্যানেজিং কমিটি গঠন বিষয়ক প্রবিধানমালা ২০০৯ এস.আর.ও নং ৯৯/আইন/২০০৯-এর ৩৯(১) নং ধারা অনুযায়ী এডহক কমিটি গঠন করে অনুমোদনের লক্ষ্যে নিম্নোক্ত কাগজপত্র অত্র দপ্তরে এ অফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

- ১। সভাপতি মনোনয়নের জন্য জীবন-বৃত্তান্তসহ ৩ (তিন) জন ব্যক্তির নাম।
- ২। একজন শিক্ষক প্রতিনিধির নাম (জেলা শিক্ষা অফিসার কর্তৃক মনোনীত)।
- ৩। একজন অভিভাবক প্রতিনিধির নাম (জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত)।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বা:

প্রফেসর মোহাম্মদ আবুল মনজুর ভূঞা

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

প্রাপক : প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)

আদর্শ উচ্চ বিদ্যালয়

মিরপুর, কাফরুল, ঢাকা-১২১৬

মেমো নং- ৮৬৪(৭)

তারিখ: ৩০ - ১১ - ২০২০

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, ঢাকা।
- ৪। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- ৫। সভাপতি ম্যানেজিং কমিটি, আদর্শ উচ্চ বিদ্যালয়, মিরপুর, কাফরুল, ঢাকা-১২১৬।
- ৬। প্রধান শিক্ষক (সাময়িক বরখাস্তকৃত) আদর্শ উচ্চ বিদ্যালয়, মিরপুর, কাফরুল, ঢাকা-১২১৬।
- ৭। অফিস কপি।



প্রফেসর মোহাম্মদ আবুল মনজুর ভূঞা

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।


৩০/১১/২০২০